তারিখ, ১৭ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, যে সকল করদাতা মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক, তাহাদের মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানাজনিত অনুমিত আয়কে, নিম্নবর্ণিত হারে ও পদ্ধতিতে আয়কর প্রদান সাপেক্ষে, কর প্রদান করা হইতে এতদদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| | গাড়ীর ধরন | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর কার এর জন্য টাকা | ৩,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর কার এর জন্য টাকা | ৪,০০০.০০ |
| (গ) | ২০০০ সিসি'র উপরে প্রতিটি মোটর কার এর জন্য টাকা | ৭,০০০.০০ |
| (ঘ) | ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য টাকা | ৬,০০০.০০ |
| (ঙ) | ২৮০০ সিসি'র উপরে প্রতিটি জীপ এর জন্য টাকা | ৮,০০০.০০ |

(চ) মাইক্রোবাস প্রতিটির জন্য টাকা ৩,০০০.০০

(২) উক্ত করদাতা মালিককে সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশনের সময় অথবা ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে তাহাকে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৩) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে;

(৪) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিট্‌নেস নবায়ন করিবে না।

২। এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ করদাতা কর্তৃক প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

৩। এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত আয়কর করদাতার মোট আয়ের উপর প্রদেয় আয়করের সহিত সমন্বয় করা যাইবে।

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বিদেশী দূতাবাস ও মিশনের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
পারসা বেগম
অতিরিক্ত সচিব পদাধিকারবলে।

## প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৮৭-আইন/২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| **ক্রমিক নং** | **গাড়ীর ধরন** | **প্রদেয় আয়করের হার** |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৮,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১০,০০০.০০ |
| (গ) | ২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১৬,০০০.০০ |
| (ঘ) | ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য | টাকা ১৪,০০০.০০ |
| (ঙ) | ২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য | টাকা ১৮,০০০.০০ |
| (চ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ৮,০০০.০০"; |

(আ) অনুচ্ছেদ ৪ নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৪। (ক) উক্ত Ordinance এর section 2 এর clause (46) অনুযায়ী 'person' এর অন্তর্ভুক্ত নহে এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

(খ) পাবলিক বিশ্ববিদ্যালয়, বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও উহার অঙ্গ সংগঠনসমূহের মালিকানাধীন মোটরকার, জীপ ও মাইক্রোবাস এর ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।"

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এবং ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| ক্রমিক নং | গাড়ীর ধরন | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১০,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১৫,০০০.০০ |
| (গ) | ২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৩০,০০০.০০ |
| (ঘ) | ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য | টাকা ৩৫,০০০.০০ |
| (ঙ) | ২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য | টাকা ৫০,০০০.০০ |
| (চ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ৮,০০০.০০"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২০-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এবং ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| ক্রমিক নং | গাড়ীর ধরন | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ১৫,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৩০,০০০.০০ |
| (গ) | ২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য | টাকা ৫০,০০০.০০ |
| (ঘ) | ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য | টাকা ৬০,০০০.০০ |
| (ঙ) | ২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য | টাকা ১,০০,০০০.০০ |
| (চ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ১৫,০০০.০০ |

(আ) অনুচ্ছেদ ৪ এর পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ৫ সংযোজিত হইবে, যথা:-

"৫। করযোগ্য স্বত্ত্বা নয় এইরূপ প্রতিষ্ঠানের মালিকানাধীন মোটরকার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না, যদি উক্ত প্রতিষ্ঠান করযোগ্য স্বত্ত্বা নয় মর্মে জাতীয় রাজস্ব বোর্ড হইতে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট দাখিল করে।"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২০৯-আইন-আয়কর/২০১৩।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ

তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর অনুচ্ছেদ ১ এর দফা (১) এর প্রান্তস্থিত সেমিকোলন (;) এর পরিবর্তে কোলন (:) প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্ত সংযোজিত হইবে, যথা:-

> "তবে শর্ত থাকে যে, একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার বা জীপ বা মাইক্রোবাস থাকিলে, দ্বিতীয় বা তদূর্ধ্ব গাড়ীর ক্ষেত্রে প্রতিটির জন্য উপরোক্ত হারের অতিরিক্ত ৫০% হারে আয়কর প্রদেয় হইবে;"।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**সৈয়দ মোঃ আমিনুল করিম**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

**এস,আর,ও নং ১৬৪-আইন/আয়কর/২০১৪।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর অনুচ্ছেদ ১ এর দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

| ক্রমিক নং | গাড়ীর ধরণ | প্রদেয় আয়করের হার |
|---|---|---|
| (ক) | ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ১৫,০০০.০০ |
| (খ) | ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ৩০,০০০.০০ |
| (গ) | ২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ৫০,০০০.০০ |
| (ঘ) | ৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ৭৫,০০০.০০ |
| (ঙ) | ৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ১,০০,০০০.০০ |
| (চ) | ৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য | টাকা ১,২৫,০০০.০০ |
| (ছ) | মাইক্রোবাস প্রতিটির জন্য | টাকা ২০,০০০.০০: |

তবে শর্ত থাকে যে, একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার বা জীপ বা মাইক্রোবাস থাকিলে, দ্বিতীয় বা তদুর্ধ্ব গাড়ীর ক্ষেত্রে প্রতিটির জন্য উপরোক্ত হারের অতিরিক্ত ৫০% হারে আয়কর প্রদেয় হইবে;"।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**(সৈয়দ মোঃ আমিনুল করিম)**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ: ৩ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/১৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৯৯-আইন/২০১৫।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর subsection (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, যে সকল করদাতা মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক, তাহাদের মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানাজনিত অনুমিত আয়কে, নিম্নবর্ণিত হারে, পদ্ধতিতে ও শর্তে অগ্রিম আয়কর প্রদান সাপেক্ষে, কর প্রদান করা হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

১। প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-